গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, দিনাজপুর
doict.dinajpur.gov.bd

**স্মারক নম্বর:** ৫৬.০৪.২৭০০.০০০.০০০.৯৯.০০০১.২০.৫৬

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩
১৫ জুলাই ২০২৬

**বিষয়: নিয়মিত অফিসে উপস্থিতি এবং দাপ্তরিক টেলিফোন ব্যবহার সংক্রান্ত।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বরঃ ০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬.৭০; তারিখ: ০২-০৩-২০২৬।
২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রশাসন শাখা'র স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০২.২১.৩৫১; তারিখ: ২৬-০৪-২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী সকল কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত সময়ে নিজ দপ্তরে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা বাধ্যতামূলক। এছাড়াও, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯.০০ টা থেকে সকাল ৯:৪০ পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। দাপ্তরিক যোগাযোগ গতিশীল রাখা, সরকারি বার্তা আদান-প্রদান এবং দ্রুত জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে দাপ্তরিক টেলিফোন ও সরকারি মোবাইল নম্বর গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। সেবামূলক কাজের ধারাবাহিকতা রক্ষা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের জরুরি নির্দেশনার ক্ষেত্রে অবিলম্বে সাড়াদানের লক্ষ্যে কার্যালয়ের দাপ্তরিক টেলিফোন এবং সরকারি মোবাইল নম্বরসমূহ সার্বক্ষণিক সচল রাখা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, সেবাগ্রহণকারী নাগরিকগণের সুবিধা ও প্রশাসনিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে উপরে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
(১) মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র

১৫-০৭-২০২৬
অনিমেষ চন্দ্র বসুনীয়া
প্রোগ্রামার
ফোন : ০২৫৮৮৮১৭৮৩৫
ইমেইল : ict.dinajpur@doict.gov.bd

সহকারী প্রোগ্রামার (সকল)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দিনাজপুর।

**স্মারক নম্বর:** ৫৬.০৪.২৭০০.০০০.০০০.৯৯.০০০১.২০.৫৬/১ (২)

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩
১৫ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

১৫-০৭-২০২৬
মোঃ মনজুরুল হক
সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার